



# আর্থিক ব্যবস্থাপনা ও ক্রয় নির্দেশিকা

পরিমার্জিত সংস্করণ:

জানুয়ারি-২০২৫



শার্প  
সোসিও হেলথ অ্যান্ড রিহ্যাবিলিটেশন প্রোগ্রাম  
কাজিপুর রোড, খোকশাবাড়ী, সিরাজগঞ্জ




## আর্থিক ব্যবস্থাপনা ও ক্রয় নির্দেশিকা সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
◀ আর্থিক ব্যবস্থাপনা নীতিমালা কভার পেজ	-
◀ ভূমিকা	৫
◀ উদ্দেশ্য	৫
◀ হিসাব রক্ষণ পদ্ধতি	৬
◀ হিসাব রক্ষণ কার্যালয়	৭
◀ হিসাব ব্যবস্থাপনার দায়িত্ব	৭
◀ হিসাব রক্ষণের নমুনা ও ভাউচার ব্যবহারের নিয়ম	৭
◀ ব্যাংক হিসাব পরিচালনা পদ্ধতি	৭
লেনদেন পদ্ধতি	
◀ প্রাপ্তি সমূহ	৮
◀ প্রদান সমূহ	৮
◀ জার্নাল ভাউচার	৯
◀ উত্তোলন ও জমা পদ্ধতি	৯
◀ খুচরা নগদ নিয়ন্ত্রণ	৯
◀ অনুমোদন প্রক্রিয়া	৯
◀ প্রকল্প অনুমোদন ও অর্থ ছাড়করণ পদ্ধতি	১০
◀ অর্থ ও হিসাব ব্যবস্থাপনার মৌলিক নিয়মাবলী	১০-১২
◀ ডেবিট ভাউচার তৈরীর কৌশল	১২-১৩
◀ নগদান বহি ব্যবহারের নিয়ম	১৩
◀ খতিয়ান বহি ব্যবহারের নিয়ম	১৩-১৪
◀ অগ্রিম ও ঋন সমন্বয়	১৪
◀ বেতন ও ভাতা	১৫
◀ যাতায়াত ভাতা	১৬
◀ ভ্রমণ, দৈনিক ভাতা ও আবাসিক	১৬
◀ যাতায়াত রেজিস্টার	১৬
◀ বাজেট	১৬
◀ খরচের পরিকল্পনা	১৭
◀ ক্রয় পদ্ধতি	১৭-১৮
◀ স্টোর ম্যানেজমেন্ট	১৮-১৯
◀ স্টোর সাজানোর কৌশল	১৯
◀ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ	১৯
◀ হিসাব নিরীক্ষা	১৯
◀ অভ্যন্তরীণ নিরীক্ষা	১৯
◀ বাহ্যিক নিরীক্ষা	২০
◀ ব্যাংক সমন্বয় বিবরণী	২০
◀ আর্থিক প্রতিবেদন	২০
◀ বিনা অনুমতিতে অনুপস্থিত	২০
◀ বাৎসরিক বেতনবৃদ্ধি	২১
◀ বিশেষ বেতনবৃদ্ধি	২১
◀ উৎসব ভাতা	২১

  
**Safia Khatun**  
Director-SHARP

  
**Helal Ahmed**  
Vice President-SHARP

  
**Md. Showkat Ali**  
President-SHARP



বিষয়	পৃষ্ঠা
◀ গ্রাচুইটি	২১
◀ ভবিষ্যৎ তহবিল	২১-২২
◀ বীমা (ইনসিওরেন্স)	২২
◀ চিকিৎসা ভাতা	২২
◀ অতিরিক্ত পারিশ্রমিক	২৩
◀ ওভার টাইম	২৩
◀ অন্যান্য ভাতাদি	২৩
◀ প্রভিডেন্ট ফান্ড	২৩
◀ আয়করন	২৪
◀ অন্যান্য	২৪
◀ প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা নীতিমালা অনুসরণ	২৪
<b>ক্রয় নীতিমালা</b>	
◀ উদ্দেশ্য	২৫
◀ ক্রয় নীতিমালা সংকল্পন করার প্রক্রিয়া	২৫
◀ সাধারণ পদ্ধতি সমূহ	২৫
<b>সাধারণ নীতিমালা</b>	
◀ ক্রয়ের উদ্যোগ	২৫
◀ যোগ্যতা সম্পন্ন সরবরাহকারী/বিক্রেতা নির্বাচন	২৬
◀ দরপত্র প্রস্তুত এবং মূল্যায়ন করা	২৬
◀ ক্রয়কৃত পণ্য গ্রহণ	২৬
<b>নির্দিষ্ট ক্রয় নীতিমালা</b>	
◀ ক্রয় কমিটি	২৭
◀ ক্রয় কমিটির দায়িত্ব-কর্তব্য	২৭
◀ ক্রয় সংক্রান্ত ক্ষমতা/অধিকার	২৭
◀ সরবরাহকারী/বিক্রেতাদের তালিকাভুক্তি	২৭
◀ প্রতিযোগিতামূলক ক্রয়	২৮
◀ টেন্ডার ডকুমেন্ট/শিডিউল প্রস্তুত করা	২৮
◀ ক্রয় পদ্ধতি	২৮-২৯
◀ জরুরী ক্রয়	২৯
◀ প্রত্যন্ত অঞ্চলে ক্রয়ের ক্ষেত্রে	২৯
◀ অপরিপূর্ণ অফার	২৯
◀ দরপত্র খোলার কমিটি গঠন	৩০
◀ দরপত্র খোলা	৩০
◀ ক্রয় চুক্তি/কার্যাদেশ	৩০
◀ পেমেন্ট শর্তাবলী	৩১
◀ PO/WO এর সময়সীমা বৃদ্ধি	৩১
◀ PO/WO পুনরাবৃত্তি করণ	৩১
◀ রক্ষণাবেক্ষণের জন্য নথিপত্র ও রেজিস্টার	৩২
◀ কর্মক্ষমতা গ্যারান্টি বা নিরাপত্তা আমানত	৩২-৩৩
◀ পণ্য গ্রহণ এবং বিলি	৩৩
<b>স্থায়ী সম্পদ ও সম্পদ অবচয়</b>	
◀ সাধারণ নীতি নির্দেশিকা	৩৪
◀ সম্পদ এবং সরঞ্জাম ক্রয়	৩৪
◀ রেকর্ডিং	৩৫

  
Safia Khatun  
Director-SHARP

  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP

বিষয়	পৃষ্ঠা
◀ স্থায়ী সম্পদ ব্যবস্থাপনা	৩৫
◀ সম্পদ হেফাজত	৩৬
◀ স্থায়ী সম্পদের অবচয়	৩৬
◀ রিপোর্টিং	৩৭
◀ আর্থিক ব্যবস্থাপনা ও ক্রয় নির্দেশিকা পরিবর্তন ও পরিবর্ধন	৩৭
<b>নমুনা ফরমেট</b>	
◀ মানি রিসিপ্ট	৩৮
◀ স্টাফ এটেনডেন্স রেজিস্টার	৩৯
◀ ব্যাংক বুক রেজিস্টার	৪০
◀ ইনভেন্ট প্রিপ	৪১
◀ মানি এডভান্স ফরম	৪২
◀ রিকুয়েস্ট টু পারচেস (আইটিপি)	৪৩
◀ গুডস রিসিপ্ট নোট (জিআরএন)	৪৪
◀ গুডস ডিস্ট্রিবিউশন নোট (জিডিএন)	৪৫
◀ এডভান্স এডজাস্টমেন্ট বিল	৪৬
◀ ক্যাশ পেমেন্ট/ডেবিট ভাউচার	৪৭
◀ চেক পেমেন্ট ভাউচার	৪৮
◀ ক্রেডিট ভাউচার	৪৯
◀ স্টক রেজিস্টার	৫০
◀ জার্নাল ভাউচার	৫১
◀ স্যালারী সীট	৫২
◀ চেক ইস্যু রেজিস্টার	৫৩
◀ একনোলেজমেন্ট	৫৪
◀ পার্টিসিপেন্টস কনভেন্স সীট	৫৫
◀ পার্টিসিপেন্টস এটেনডেন্স সীট ইউনিয়ন লেভেল	৫৬
◀ পার্টিসিপেন্টস এটেনডেন্স সীট উপজেলা ও ডিস্ট্রিক্ট লেভেল	৫৭
◀ স্টাফ টিএ/ডিএ বিল	৫৮
◀ টাইম সীট	৫৯
◀ লিভ এপ্লিকেশন ফর্ম	৬০
◀ ভেইকেল লগ সীট	৬১
<b>পন্য ক্রয় সংক্রান্ত :</b>	
◀ মালামাল/পন্য ক্রয় (কমিটি প্রস্তুত করবে)	৬২
◀ মালামাল ক্রয়ের পরিকল্পনা (কমিটি প্রস্তুত করবে)	৬৩
◀ মালামাল ক্রয়ের কোটেশন আহ্বান(কমিটি প্রস্তুত করবে)	৬৪
◀ মালামাল সরবরাহের কোটেশন দাখিল (দোকানদার/সরবরাহকারী পুরন করবে)	৬৫
◀ মালামালের দর/কোটেশন মূল্যায়নের ছক	৬৬



## প্রথম অধ্যায় ভূমিকা

### ১.১ ভূমিকা (Introduction) :

শার্প একটি জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয়েছে। প্রতিষ্ঠানটি উত্তর বঙ্গের প্রবেশদ্বার সিরাজগঞ্জ জেলায় অবস্থিত। সমাজের পিছিয়ে পড়া ও সুযোগ বঞ্চিত মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে, শিক্ষা, স্বাস্থ্য, স্বাবলম্বী কৃষি, প্রশিক্ষণ, দূ্যোগ ব্যবস্থাপনা এবং মানবাধিকার নিয়ে কাজ করেছে। জন্মলগ্ন হতে সংস্থার মানব সম্পদের যেমন উন্নয়ন হচ্ছে তেমনিভাবে সম্পদও বৃদ্ধি পাচ্ছে। বিষয়টির প্রতি গুরুত্ব অনুধাবন করে শার্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও নির্বাহী পরিষদ সংস্থার আর্থিক নীতিমালা সংকরন করার উদ্যোগ গ্রহন করেছে। সঠিকভাবে হিসাবকার্য পরিচালিত হলে সংস্থার সার্বিক উন্নয়ন আরও ত্বরান্বিত হবে এবং স্বচ্ছতার সাথে সকল আর্থিক লেনদেন মোকাবেলা করা সহজ হবে।

### ১.২ উদ্দেশ্য (Objectives) :

নিম্নলিখিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে শার্প -এর হিসাব কার্যক্রম পরিচালিত হবে

- ◀ আর্থিক লেনদেনগুলি হিসাব নীতিমালা অনুযায়ী হিসাবের খাতায় লিপিবদ্ধ হবে।
- ◀ পরিচালনা ও বাজেট তৈরীতে সহায়ক হবে।
- ◀ সুষ্ঠুভাবে হিসাব বিবরণী তৈরী হবে।
- ◀ অভ্যন্তরীণ নিরীক্ষণ (Internal Audit), বাহ্যিক নিরীক্ষণ (External Audit) পরিচালনায় সহায়ক হবে।
- ◀ আর্থিক বছর অনুযায়ী অডিট কার্য সম্পন্ন করতে হবে।
- ◀ খরচ নিয়ন্ত্রণে সহায়ক হবে।


১.৩ শিরোনামঃ এই বিধিমালা শার্প এর “আর্থিক ব্যবস্থাপনা ও ক্রয় নির্দেশিকা” (সংশোধিত) জানুয়ারী ২০২৫ হিসেবে পরিচিত হবে।

১.৪ প্রয়োগের ক্ষেত্রঃ এই বিধিমালা শার্প সংস্থার সকল আর্থিক কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য হবে। তাছাড়া শার্প এর সব কর্মী এবং কার্যকরী পরিষদ ও সাধারণ পরিষদের সকল সদস্য বর্ণিত বিধিমালা ও পদ্ধতি অনুসরণ করবে।

১.৫ অনুল্লিখিত বিষয়ঃ এই বিধিমালায় অনুল্লিখিত কোন বিষয়ে যে কোন সিদ্ধান্ত নির্বাহী পরিচালক সংস্থার কার্যকরী পরিষদের সাথে আলোচনা করে মীমাংসা করবেন।

  
Safia Khatun  
Director-SHARP

  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP



## দ্বিতীয় অধ্যায় হিসাব রক্ষণ ও হিসাব পদ্ধতি

### ২.১ হিসাব রক্ষণ পদ্ধতি (Accounting System)

সংস্থার সকল হিসাব (Accrual Basis & Double entry basis) বাৎসরিক ভিত্তিতে করা হবে। অগ্রিম পরিশোধ, বকেয়া খরচ, প্রাপ্য আয় ও স্টক, সম্পদ, দায় এবং অবচয়ের হিসাব রাখা হবে। এছাড়াও এই ম্যানুয়ালের নিয়ম-কানুন বহির্ভূত দাতা সংস্থা ও সরকারের নিয়ম-কানুন অনুসরণ করে হিসাব রক্ষণ ব্যবস্থা পরিচালনা করা হবে।

হিসাব রক্ষণের জন্য নিম্নলিখিত প্রাথমিক দলিলগুলি (Primary Documents) সংরক্ষণ করা হবে :

- ◀ প্রাপ্তি রশিদ (Money Receipt)
- ◀ আয়/প্রাপ্তি ভাউচার (Credit/Receipt Voucher)
- ◀ খরচ/প্রদান ভাউচার (Debit/Payment Voucher)
- ◀ সমন্বয় ভাউচার (Journal Voucher)
- ◀ ক্রয় ফরমায়েশ পত্র (Purchase Requisition)
- ◀ মালামাল চাহিদা পত্র (Store Requisition)
- ◀ টাকার চাহিদা পত্র (Money Requisition)
- ◀ Contra Voucher

শার্প হিসাব ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উল্লেখিত প্রাথমিক দলিলের (Primary Documents) উপর ভিত্তি করে সকল ফান্ডের জন্য নিম্নলিখিত হিসাবের বইগুলি (Books of Accounts) সংরক্ষণ করা হবে :

- ◀ নগদান বহি (Cash Book)
- ◀ খতিয়ান বহি (Ledger Book)
- ◀ মজুদ রেজিস্টার (Stock Register)
- ◀ স্থায়ী সম্পত্তির রেজিস্টার (Fixed Assets Register)
- ◀ বেতন রেজিস্টার (Salary Register)
- ◀ চেক ইস্যু রেজিস্টার (Cheque Issue Register)
- ◀ অগ্রিম রেজিস্টার (Advance Register)
- ◀ স্থানীয় অনুদান রেজিস্টার (নগদ অথবা দ্রব্য) (Local Contribution Register)
- ◀ কল্যাণ ফান্ড রেজিস্টার (Welfare Fund Register)
- ◀ অবচয় রেজিস্টার ( Depreciation Register )
- ◀ দৈনিক হিসাব রেজিস্টার (Cash Counting Register)
- ◀ গ্রাচুইটিটি রেজিস্টার (Gratuity Register) ইত্যাদি হিসাব সংক্রান্ত বই।



## ২.২ হিসাব রক্ষণ কার্যালয় (Accounting Office) :

সংস্থার জেনারেল প্রোগ্রাম ছাড়া প্রকল্প ভিত্তিক সকল ধরনের আর্থিক লেনদেনের হিসাব স্ব স্ব প্রকল্প কার্যালয় অর্থাৎ শাখা অফিস সমূহে সংরক্ষণ করা হবে। অর্থ ও হিসাব সংক্রান্ত সকল প্রকার দলিল প্রকল্প চলাকালীন স্ব-স্ব প্রকল্প অফিসে এবং প্রকল্প মেয়াদ শেষে প্রধান কার্যালয়ে সংরক্ষিত থাকবে।

## ২.৩ হিসাব ব্যবস্থাপনার দায়িত্ব (Responsibilities of Accounts Management) :

- ◀ হিসাব বিভাগের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি/ব্যক্তিবর্গ হিসাব রক্ষণ ও ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। হিসাব রক্ষক তহবিল গ্রহণ ও প্রদানের দায়িত্বে থাকবেন। তিনি অর্থ ও হিসাব ব্যবস্থাপনা ম্যানুয়ালের সকল নিয়ম-কানুন প্রয়োগের দায়িত্বে থাকবেন। হিসাব রক্ষক আর্থিক লেনদেনের প্রাথমিক দলিলগুলির উপর ভিত্তি করে হিসাব বইগুলি সংরক্ষণ (Maintain) করবেন, হিসাব বিবরণীগুলি সঠিকভাবে তৈরী করবেন। হিসাবের সঠিকতা বজায় রাখার জন্য সকল দায়-দায়িত্ব হিসাব বিভাগের দায়িত্বে নিয়োজিত ব্যক্তির উপর বর্তাবে।
- ◀ হিসাব সংক্রান্ত সকল ভাউচারগুলি হিসাব রক্ষক যাচাইকারী ও অনুমোদনকারী কর্তৃক অবশ্যই স্বাক্ষরিত হতে হবে।
- ◀ পরিকল্পনা মাফিক Fund Disbursement হচ্ছে কিনা তাহা নিয়ন্ত্রণের দায়িত্ব সংশ্লিষ্ট অনুমোদনকারীর উপর থাকবে।

## ২.৪ হিসাব রক্ষণের নমুনা ও ভাউচার (Accounting Form & Vouchers) :

- ◀ হিসাব রক্ষনাবেক্ষণের জন্য সংস্থা কর্তৃক অনুমোদিত সকল নমুনাপত্র ও ভাউচার সমূহ ব্যবহার করতে হবে।
- ◀ অনুমোদন সাপেক্ষে নমুনা ও ভাউচারগুলির পরিবর্তন করা যেতে পারে।
- ◀ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে উক্ত নমুনা ও ভাউচারগুলি নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক অবশ্যই স্বাক্ষরিত হতে হবে।

## ২.৫ ব্যাংক হিসাব পরিচালনা পদ্ধতি (Bank Account Operating System) :

- ◀ NGO ব্যুরোর নিয়ম অনুযায়ী একটি কেন্দ্রীয় ব্যাংক হিসাব পরিচালনা করতে হবে। NGO ব্যুরোর অনুমোদন সাপেক্ষে যেসকল অর্থ সংগ্রহ করা হবে তাহা উক্ত শার্প -এর মাদার একাউন্টে জমা দিতে হবে। উক্ত হিসাবের অর্থ সংগ্রহ হওয়ার পর যত তাড়াতাড়ি সম্ভব সংশ্লিষ্ট প্রকল্পের হিসাব নম্বরে স্থানান্তর করতে হবে। মাদার একাউন্টস পরিচালনায় সংস্থার কার্যকরী পরিষদের ২ জন এবং সংস্থার পরিচালক সহ ৩ জনের যৌথ স্বাক্ষরে খোলা হবে। অর্থ উত্তোলনের সময় যেকোন ২ জনের যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাবে। ( ২ জনের মধ্যে পরিচালকের স্বাক্ষর অবশ্যই থাকতে হবে )
- ◀ প্রকল্পের ব্যাংক হিসাব ৩ জনের যৌথ স্বাক্ষরে খোলা হবে। অর্থ উত্তোলনের সময় যেকোন ২ জনের যৌথ স্বাক্ষরে উত্তোলন করা যাবে। (২ জনের মধ্যে পরিচালকের স্বাক্ষর অবশ্যই থাকতে হবে)
- ◀ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট ব্যাংক হিসাব বাস্তবায়িত প্রকল্প এলাকার কাছাকাছি হওয়াই বাঞ্ছনীয়।

  
**Safia Khatun**  
Director-SHARP

  
**Helal Ahmed**  
Vice President-SHARP

  
**Md. Showkat Ali**  
President-SHARP



## ২.৬ লেনদেন পদ্ধতি (Transactions Procedure) :

### ২.৬.১ প্রাপ্তিসমূহ (Receipts) :

ক্রেডিট ভাউচার তৈরী করে সকল ধরনের প্রাপ্তি হিসাব-এর খাত অনুযায়ী প্রতিটি লেনদেনের হিসাব-এর বহিতে (Books of Accounts ) লিপিবদ্ধ করতে হবে। গ্রহণের তারিখ, হিসাবের খাত ও সংশ্লিষ্ট দাতা/দাতা সংস্থার নাম ইত্যাদি তথ্য ক্রেডিট ভাউচারে উল্লেখ করতে হবে। ক্রেডিট ভাউচারের প্রস্তুতকারী, যাচাইকারী, অনুমোদনকারী এবং অর্থ গ্রহণকারীর স্বাক্ষর ভাউচারে অবশ্যই থাকতে হবে। প্রতিটি ভাউচারে সংশ্লিষ্ট ভাউচার নম্বর থাকতে হবে। উল্লেখিত ভাউচারে বৎসরের শুরু থেকে নম্বর দিতে হবে এবং বৎসর শেষে ভাউচার ক্রমিক নম্বর বন্ধ করতে হবে। ভাউচার ক্রমিক নম্বর অনুযায়ী উল্লেখিত ভাউচার ফাইলে সংরক্ষণ করতে হবে। প্রতিটি লেনদেনের সাথে সংশ্লিষ্ট দলিলপত্রসমূহ ভাউচারের সাথে সংযুক্ত করে রাখতে হবে।

- ◀ সংস্থার সকল ধরনের অর্থ গ্রহণের জন্য প্রাপ্তি স্বীকার/রশিদ (Acknowledgement) প্রদান করতে হবে।
- ◀ সকল ধরনের গৃহীত অর্থ শার্প-এর সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা দিতে হবে এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট হিসাবের খাতায় লিপিবদ্ধ করতে হবে।
- ◀ দাতা সংস্থার সাথে চুক্তি অনুযায়ী অর্থ সংগ্রহ করতে হবে এবং উক্ত অর্থ প্রথমে NGO ব্যুরো কর্তৃক অনুমোদিত সংস্থার নির্দিষ্ট ব্যাংক হিসাবে জমা দিতে হবে।
- ◀ দাতা সংস্থার নিকট থেকে প্রাপ্ত অর্থের জন্য টাকার প্রাপ্তি রশিদ ও প্রাপ্তি স্বীকারপত্র (Money Receipt & Acknowledgement Letter) সংশ্লিষ্ট দাতা সংস্থা/প্রতিষ্ঠানে পাঠাতে হবে।

### ২.৬.২ প্রদানসমূহ (Payments) :

সকল প্রকার অর্থ প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রসহ ডেবিট ভাউচার অনুযায়ী প্রস্তুত করে সংশ্লিষ্ট হিসাবের বহিতে লিপিবদ্ধ করতে হবে। ব্যয়িত অর্থ অবশ্যই অনুমোদিত বাজেট কাঠামোর মধ্যে হতে হবে। প্রদানের সময় সংশ্লিষ্ট হিসাবের খাত, তারিখ ইত্যাদি তথ্য উল্লেখ থাকতে হবে। ভাউচারের প্রস্তুতকারী, যাচাইকারী, অনুমোদনকারী এবং অর্থ গ্রহণকারীর স্বাক্ষর অবশ্যই সংশ্লিষ্ট ভাউচারে থাকতে হবে। প্রতিটি ভাউচার-এ ভাউচার নম্বর থাকতে হবে এবং উল্লেখিত ভাউচারে বৎসরের শুরু থেকে ভাউচার-নম্বর দিতে হবে এবং বৎসর শেষে ভাউচার ক্রমিক নম্বর বন্ধ করতে হবে। এভাবে প্রতিটি ভাউচার সংরক্ষণ করতে হবে এবং সংশ্লিষ্ট দলিলপত্রসমূহ ভাউচারের সাথে সংযুক্ত করে রাখতে হবে।

- ◀ সকল ধরনের খরচের জন্য ডেবিট ভাউচার তৈরী করতে হবে।
- ◀ অর্থ পরিশোধের জন্য ভাউচারের মধ্যে নগদে পরিশোধের ক্ষেত্রে “নগদ” শব্দটি এবং চেকে পরিশোধের ক্ষেত্রে “চেক” শব্দটি অবশ্যই উল্লেখ করতে হবে।
- ◀ চেকের মাধ্যমে ১০,০০০ টাকা পর্যন্ত বেয়ারার চেক এবং ১০,০০০/- টাকার উর্দে পরিশোধযোগ্য টাকার চেকে একাউন্ট পে (A/C Payee) কথাটি অবশ্যই উল্লেখ করতে হবে।

তবে যে সকল ভেডার বা সরবরাহকারীর ব্যাংক একাউন্ট নেই সেক্ষেত্রে উর্দ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ঐ সকল প্রতিষ্ঠানের প্রোপাইটরের নামে ১০,০০১/- টাক থেকে ৩৫,০০০/- টাকা পর্যন্ত বেয়ারার চেক প্রদান করা যেতে পারে।

  
**Safia Khatun**  
Director-SHARP

8  
  
**Mehal Ahmed**  
Vice President-SHARP

  
**Md. Showkat Ali**  
President-SHARP



### ২.৬.৩ জার্নাল ভাউচার (Journal Voucher) :

তহবিল/অর্থ সমন্বয়ের জন্য জার্নাল ভাউচার ব্যবহার করতে হবে। প্রতিটি জার্নাল ভাউচারে ভাউচার নম্বর উল্লেখ থাকতে হবে। উল্লেখিত জার্নাল ভাউচারে বৎসরের শুরু থেকে ভাউচার নম্বর দিতে হবে এবং বৎসর শেষে ভাউচার ক্রমিক নম্বর বন্ধ করতে হবে। ভাউচার নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট ভাউচার ফাইলে সংশ্লিষ্ট ভাউচার সংরক্ষণ করতে হবে। প্রতিটি লেনদেনের সাথে সংশ্লিষ্ট দলিলপত্রসমূহ ভাউচারের সাথে সংযুক্ত রাখতে হবে।

### ২.৬.৪ উত্তোলন ও জমা পদ্ধতি (Withdrawals & Deposit Procedure) :

ব্যাংক হতে অর্থ উত্তোলনের সময় উত্তোলনের আদেশ পত্র (Money Requisition) ব্যবহার করতে হবে। ব্যাংক হতে অর্থ উত্তোলনের পূর্বে চেক ইস্যু রেজিস্টারে (Cheque Issue Register) এন্ট্রি দিতে হবে। হিসাব পরিচালনার জন্য নগদান বই (Cash Book) করতে হবে। ব্যাংকে নগদ টাকা অথবা চেক জমা দেয়ার পূর্বে ফান্ড ডিপোজিট রেজিস্টার (Fund Deposit Register) এ এন্ট্রি দিতে হবে। এরপর ডিপোজিট স্লিপ যথাযথভাবে পূরন পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা দিয়ে ডিপোজিট স্লিপটি সংশ্লিষ্ট ভাউচারে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

### ২.৬.৫ খুচরা নগদ নিয়ন্ত্রণ (Petty Cash Control)

অফিসের/প্রকল্পের দৈনন্দিন হিসাব পরিচালনার জন্য পেটি ক্যাশ কন্ট্রোল রেজিস্টার ব্যবহার করা হবে। নিম্নলিখিত নির্দেশনা মোতাবেক খুচরা নগদ হিসাব পরিচালিত হবে-

- ◀ বিল/ভাউচার গুলি পরিশোধের সময় অবশ্যই “পরিশোধ” বা “PAID” সীল ব্যবহার করতে হবে।
- ◀ খুচরা নগদ (Petty Cash) সর্বোচ্চ ১০,০০০/- টাকা সংশ্লিষ্ট হিসাব/ব্যক্তির তত্ত্বাবধানে থাকবে।
- ◀ দৈনিক ভিত্তিতে খুচরা নগদ হিসাব লেজার বা ক্যাশ বহিতে লিপিবদ্ধ করতে হবে।
- ◀ খুচরা নগদ গণনা পূর্বক নিরাপদ স্থানে তালাবদ্ধ অবস্থায় রাখতে হবে।
- ◀ খুচরা নগদ নিয়ন্ত্রনের (Petty Cash Control) জন্য অবশ্যই ক্যাশ কাউন্টিং ভাউচার অনুসরণ করতে হবে।


### ২.৭ অনুমোদন প্রক্রিয়া :


যিনি খরচকারী তিনি বিল ভাউচার তৈরী অথবা সংগ্রহ করে তার সুপারভাইজার এর নিকট হতে সুপারিশ (Recommand) নিশ্চিত করবেন। তারপর হিসাব বিভাগে জমা দিবেন।

হিসাব রক্ষণ কর্মকর্তা নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা পূর্বক বিল ভাউচার গুলি যাচাই করবেন।

- ◀ খরচকৃত টাকা বাজেটের মধ্যে ছিল কিনা
- ◀ খরচ সঠিক ভাবে হয়েছে কিনা তা যাচাই করা
- ◀ মালামাল ক্রয়ের ক্ষেত্রে মালের গুণগত মান ও বর্তমান বাজার মূল্য সঠিক আছে কিনা
- ◀ বিক্রোতার স্বাক্ষর, ক্রয়কারীর নাম, ক্রয়কারীর স্বাক্ষর, রাজস্ব টিকেট তারিখ ও সীল হয়েছে কিনা
- ◀ স্ব স্ব বিভাগীয় প্রধান তার নিজ বিভাগের কর্মীদের বাজেটভুক্ত বিল/ভাউচার সুপারিশ বা পরিচালকের লিখিত নির্দেশ মোতাবেক নিশ্চিত টাকার পরিমাণ পর্যন্ত অনুমোদন করবেন।
- ◀ সকল বিল ভাউচার সংস্থার পরিচালক/উপপরিচালক অনুমোদন করবেন।
- ◀ উপপরিচালকের বিল ভাউচার পরিচালক অনুমোদন করবেন।
- ◀ পরিচালকের বিল/ভাউচার নির্বাহী পরিষদ অনুমোদন করবেন।

  
Safia Khatun  
Director-SHARP

  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP

## ২.৮ প্রকল্প অনুমোদন ও অর্থ ছাড়করণ পদ্ধতি (Project Approval and Fund Release Procedure) :

নিম্নলিখিত পদ্ধতিতে দাতা সংস্থা প্রকল্প অনুমোদন এবং অর্থ ছাড়করণ করে থাকেন

- ◀ দাতা সংস্থার নিকট প্রস্তাবিত প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য জমা দিতে হতে এবং এ অনুমোদনের সম্মতিপত্র (Letter of Intent) দাতা সংস্থার নিকট থেকে সংগ্রহ করতে হবে।
- ◀ প্রতিশ্রুতিপত্র পাওয়ার পর পুনরায় NGO ব্যুরোর নিয়মানুযায়ী প্রকল্প প্রস্তাবনা তৈরী করে NGO ব্যুরোতে জমা দিতে হবে এবং NGO ব্যুরোর অনুমোদনপত্র সংগ্রহ করতে হবে।
- ◀ NGO ব্যুরোর অর্থ ছাড়করণপত্র দাতা সংস্থার নিকট জমা দিতে হবে।
- ◀ এরপর NGO ব্যুরো প্রস্তাবিত প্রকল্পের অনুমোদিত অর্থ একসঙ্গে অথবা কিস্তির মাধ্যমে ব্যুরো নিয়মানুযায়ী দাতা সংস্থা ছাড়করণ করবে।
- ◀ পরবর্তী বছরের অর্থ অনুমোদন ও ছাড়করণের জন্য চলতি অর্থ বছর শেষ হওয়ার সাথে সাথে NGO ব্যুরোর নিয়ম অনুযায়ী সকল রিপোর্ট যথাসময়ে সংশ্লিষ্ট দাতা সংস্থার নিকট ও NGO ব্যুরোর নিকট জমা দেয়ার ব্যবস্থা করতে হবে।

## ২.৯ অর্থ ও হিসাব ব্যবস্থাপনার মৌলিক নিয়মাবলী (Basic Rules of Finance and Accounts Management) :

সংগঠনের আর্থিক ব্যবস্থাপনাকে কার্যকরীভাবে পরিচালনা করার জন্য নিম্নোক্ত মৌলিক নিয়মসমূহ অনুসরণ করতে হবেঃ

- ◀ NGOAB-এর অনুমোদনের পূর্বে শার্প-এর Mother Account থেকে সংশ্লিষ্ট Project Account-এ স্থানান্তর করা যাবে না।
- ◀ NGOAB-র অনুমোদনের পূর্বে প্রকল্প তহবিলের টাকা খরচ করা যাবে না এবং অন্য তহবিলেও ফান্ড স্থানান্তর করা যাবে না।
- ◀ NGOAB-এর নিয়ম অনুযায়ী কমপক্ষে ৫ বৎসর সকল খাতা পত্র সংরক্ষণ করতে হবে।
- ◀ প্রতি অর্থ বছর শেষে NGO ব্যুরোর Registered Audit Firm দ্বারা হিসাব নিরীক্ষিত হতে হবে।
- ◀ পরিবর্তিত NGO ব্যুরোর নিয়ম-কানুন অনুসরণ করতে হবে।
- ◀ বেতন, যাতায়াত ভাতা, বাড়ী ভাড়া ছাড়া অন্য সকল খাতে বরাদ্দকৃত বাজেট থেকে শতকরা ১০% বেশী খরচ করা যাবে। ১০% এর বেশী খরচ করতে হলে যথাযথ কর্তৃপক্ষ/দাতা সংস্থার অনুমোদন লাগবে। প্রকল্প বাজেটের এক লাইন আইটেমের টাকা অন্য লাইন আইটেমে খরচ করা যাবে না। উপরোক্ত ক্ষেত্রের কোন ব্যতিক্রমে দাতা সংস্থার অনুমোদন থাকতে হবে।
- ◀ প্রতিটি ফান্ড/প্রকল্পের জন্য আলাদা ব্যাংক হিসাব খুলতে হবে এবং প্রতিটি প্রকল্পের জন্য আলাদাভাবে হিসাবের খাতাপত্র, রেজিস্টার এবং প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করতে হবে।
- ◀ প্রকল্পের প্রাপ্ত টাকা অবশ্যই প্রকল্প বাজেটের খাত অনুযায়ী খরচ করতে হবে এবং কোন অবস্থাতেই এক তহবিলের টাকা অন্য তহবিলে স্থানান্তর করা যাবে না অথবা অনুমোদন ব্যতির

- ◀ ঋণ হিসাবে প্রদান অথবা অন্য কোন খাতে ব্যয় করা যাবে না। প্রকল্প কাজের সাথে সম্পর্কিত নয় এমন কোন কাজের জন্য খরচ করা যাবে না।
- ◀ প্রতিটি পরিশোধের জন্য ডেবিট ভাউচার, প্রতিটি গ্রহণের জন্য ক্রেডিট ভাউচার এবং লেনদেনের সমন্বয় করার জন্য জার্নাল ভাউচার তৈরী/ব্যবহার করতে হবে।
- ◀ প্রতিটি গ্রহণ ও প্রদান ভাউচার অনুমোদনের পর তা নগদান বহি (Cash Book) ও খতিয়ান বহিতে (Ledger Book) লিপিবদ্ধ করতে হবে।
- ◀ প্রত্যেক মাসের শেষে দাতা সংস্থার অনুদান প্রাপ্ত প্রকল্পের আর্থিক বিবরণী নির্ধারিত ছকে তৈরী করে দাতা সংস্থার নিকট জমা দিতে হবে।
- ◀ প্রতি মাসের শেষে ব্যাংক হিসাব মিলকরণ প্রতিবেদন অনুযায়ী (Bank Reconciliation Statement) তৈরী করতে হবে।
- ◀ চেক বই এবং মূল্যবান দলিলসমূহ নিরাপদ জায়গায় তালাবদ্ধ অবস্থায় রাখতে হবে।
- ◀ চেকের মুড়িতে তারিখ, টাকার পরিমাণ, উত্তোলনের উদ্দেশ্য এবং চেক গ্রহণকারীর স্বাক্ষর থাকতে হবে।
- ◀ সকল ধরণের বাতিলকৃত চেকগুলির মধ্যে বাতিল (Cancelled) শব্দটি লিখে রাখতে হবে
- ◀ Over writing, Erasing and Fluiding ব্যবহৃত bill কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়।
- ◀ প্রতিটি বিল এর গায়ে Paid seal ব্যবহার করতে হবে।
- ◀ স্থায়ী সম্পদ ক্রয়ের পর আইটেম অনুযায়ী এ্যাসেট বা সম্পদের ক্রমিক নাম্বার বসাতে হবে।
- ◀ Water bill, Electricity bill, Telephone bill-এর Photocopy-র মধ্যে রসিদ কালি দিয়ে যে মাসের বিল সেই মাসের নাম ও টাকার অংক স্পষ্ট করে লিখে দিতে হবে।
- ◀ একাধিক বিল সহকারে ভাউচার তৈরী করার সময় Bill Summary Sheet ব্যবহার করতে হবে।
- ◀ কর্মীদের বেতন সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে বেতন গ্রহণকারীর রেভিনিউ স্ট্যাম্প এর প্রয়োজন নেই। তবে বেতন রেজিস্টারে সরকারী বিধি / দাতা সংস্থা কর্তৃক যেকোন নিয়ম অনুসরণ করতে হবে।
- ◀ Bill-এর Main Page-এ জায়গা না থাকলে খরচের কারণ বিলের অপর পৃষ্ঠায় উল্লেখ করে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম পদবীসহ সিল ব্যবহার করে স্বাক্ষর দিতে হবে।
- ◀ Movement Sequence, Transport bill-এ উল্লেখ থাকতে হবে। যাতায়াত বিলের সাথে Movement Register এর মিল থাকতে হবে।
- ◀ অনুমোদিত Purchase Requisition অনুযায়ী সকল জিনিসপত্র ক্রয় করতে হবে। বিলের সাথে অনুমোদিত Requisition সংযুক্ত করে দিতে হবে।
- ◀ Project Coordinator/Project Manager এবং Accountant প্রজেক্টের নয় (৯) মাসের খরচের বিবরণী বিশ্লেষণ করবেন এবং আনুপাতিক হারে যদি খরচ কম হয়ে থাকে তাহার কারণ উল্লেখ করে একটি প্রতিবেদন ১০ম মাসের প্রথম ১৫ দিনের মধ্যে তৈরী করতে হবে। উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে অব্যবহৃত টাকা খরচ করার জন্য একটি Revised Action or Implementation Plan তৈরী করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এর ফলে পরবর্তী

তিন মাস সময়ের মধ্যে Donor Fund-এর Proper Utilization নিশ্চিত করতে সহায়ক হবে।

- ◀ হিসাব রক্ষক বিল গ্রহণ করার সময় যদি মনে করেন যে, কোন বিলের প্রয়োজনীয় Supporting Document(s) Bill-এর সাথে সংযুক্ত করা হয় নাই এবং অন্যান্য করণীয় কাজগুলি করা হয় নাই, তাহলে হিসাব রক্ষক উক্ত বিলগুলি ফেরৎ দিতে বাধ্য থাকবে। অর্থাৎ যতক্ষণ পর্যন্ত প্রয়োজনীয় Document(s) বিলের সাথে সংযুক্ত করা হবে না বা যতক্ষণ পর্যন্ত করণীয় কাজগুলি করা হবে না ততক্ষণ পর্যন্ত হিসাব রক্ষক কোন Bill গ্রহণ করবেন না। (যেমন-
- ◀ বিলে তারিখ দেওয়া
- ◀ স্বাক্ষর দেওয়া
- ◀ সীল ব্যবহার করা
- ◀ তারিখের ক্রমানুযায়ী বিল সাজানো,
- ◀ Transport Bill-এ Movement Sequence উল্লেখ করা
- ◀ রেভিনিউ স্ট্যাম্প ইত্যাদি ব্যবহার করা।

## ২.১০ ডেবিট ভাউচার তৈরীর কৌশল (Debit Voucher Preparation Technique) :

ডেবিট ভাউচার হিসাব ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ দলিল। এই ভাউচারের উপর ভিত্তি করে সংস্থার হিসাব নিরীক্ষা কাজ পরিচালনা করা হবে। খরচের বিল/ভাউচার অনুযায়ী ডেবিট ভাউচার তৈরী করতে হবে। নিম্নলিখিত তথ্যগুলি খরচের ভাউচারের মধ্যে উল্লেখ থাকবে :-

- ◀ পরিশোধের তারিখ (Date of payment)
- ◀ পরিশোধ পদ্ধতি (Mode of payments, Cash/Cheque)
- ◀ খরচের কারণ (Reason of payments)
- ◀ ভাউচারের নম্বর (Voucher Number)
- ◀ টাকা গ্রহণকারীর নাম ও স্বাক্ষর (Name & Sign of the Receipt)
- ◀ হিসাবের খাত (Head of Account)
- ◀ হিসাবের উপ-খাত (Sub-head of Account)
- ◀ ভাউচার প্রস্তুতকারীর স্বাক্ষর (Prepared by)
- ◀ ভাউচার যাচাইকারীর স্বাক্ষর (Checked by)
- ◀ অনুমোদনকারীর স্বাক্ষর (Approved by)
- ◀ সংযুক্ত বিলের সংখ্যা (# of Enclosure) ইত্যাদি।

সাধারণত নিম্নলিখিত Supporting documents গুলি খরচের ভাউচারের সাথে সংযুক্ত করতে হবে :

- ◀ খরচের কাঁচা বিল / Cash memo / Money Receipt
- ◀ Purchase Requisition
- ◀ Quotation ক্রয়নীতিমালা অনুযায়ী
- ◀ Comparative statement (CS)



- ◀ Work order
- ◀ Good Receiving Notes (GRN)
- ◀ Acknowledgement ইত্যাদি।  
Training related bill এর সাথে supporting documents হিসাবে থাকবে :-
- ◀ Training schedule (if possible)
- ◀ Training Invitation letter
- ◀ Attendance sheet
- ◀ Participants- দেয় স্বাক্ষর করা Payment sheet.
- ◀ Approved training budget
- ◀ সংক্ষিপ্ত আকারে এক পৃষ্ঠার একটি Training Report

### ২.১১ নগদান বহি (Cash Book):

নগদান বই খুবই গুরুত্বপূর্ণ একটি হিসাবের বই। এই বই-এ লেনদেনগুলি লিখে রাখার জন্য গুরুত্বপূর্ণ দলিল হিসেবে কাজ করে। দৈনন্দিন আর্থিক লেনদেন অনুযায়ী ক্যাশ বই-এ রেকর্ড করতে হবে।

- ◀ দু'ঘরা ক্যাশ বই (Double Columns Cash Book) অনুযায়ী ব্যবহার করতে হবে যার দুইদিকে পাশাপাশি নগদ ও ব্যাংক কলাম থাকবে।
- ◀ সকল ধরনের প্রাপ্তি নগদান বইয়ের বাম পার্শ্ব (Credit Side) লিখতে হবে এবং সকল ধরনের খরচ নগদান বইয়ের ডান পার্শ্ব (Debit Side) লিখতে হবে।
- ◀ প্রতিটি নগদ প্রাপ্তি ও পরিশোধ খাত অনুযায়ী নগদান বহিতে লিপিবদ্ধ করা হবে।
- ◀ লেজার বইয়ের পৃষ্ঠা নম্বর ক্যাশ বইয়ে লিখতে হবে।
- ◀ প্রতিটি গ্রহণ ও প্রদান ভাউচারের নম্বর ক্যাশ বইকে লিপিবদ্ধ করতে হবে।
- ◀ প্রতি দিনের শেষে ক্লোজিং ব্যালেন্স নির্ধারণ করে ক্যাশ বইয়ের হিসাব ক্লোজ করে হিসাব রক্ষক/প্রকল্প কর্মকর্তা/পরিচালক নগদান বই স্বাক্ষর করবেন।
- ◀ প্রতিদিনের সমাপনী টাকার পরিমাণ পরবর্তী দিনের প্রারম্ভিক ঘরে লিখতে হবে।
- ◀ ক্যাশবইকে ভাউচার নম্বর, লেজার ফলিও নম্বর, লেনদেনের তারিখ ইত্যাদি তথ্য লিখতে হবে।
- ◀ ক্যাশবইকে কোন রকম কাটাকাটি, ঘষামাজা ও ফুয়িড ব্যবহার করা যাবে না। প্রয়োজনবোধে একটানে কেটে পুনরায় লিখে স্বাক্ষর দেয়া যেতে পারে।
- ◀ ব্যাংকে জমা টাকা, ব্যাংক চার্জ, ব্যাংক কমিশন, ব্যাংক সুদ ইত্যাদি বিষয়গুলি ব্যাংক বিবরণীতে উল্লেখ থাকে। সুতরাং মাসের শেষে ব্যাংক বিবরণী পরীক্ষা করে উক্ত তথ্যগুলি নগদান বইয়ে লিপিবদ্ধ করতে হবে।

### ২.১২ খতিয়ান বহি (Ledger Book):

খতিয়ান বহি এমন ভাবে ব্যবহার করতে হবে যাতে ডেবিট, ক্রেডিট ও অবশিষ্ট এই তিনটি ঘর পাশাপাশি থাকবে। এর ফলে কত খরচ হল, কত আয় হল এবং আয় ব্যয়ের পর অবশিষ্ট কত টাকা থাকলো তাহা জানা যাবে।

  
**Safia Khatun**  
Director-SHARP

১৩  
  
**Helal Ahmed**  
Vice President-SHARP

  
**Md. Showkat Ali**  
President-SHARP



- ◀ প্রস্তাবিত বাজেট লাইন আইটেমের খাত অনুযায়ী লেজার বুক ব্যবহার করতে হবে।
- ◀ ক্যাশ বুকে লিপিবদ্ধ করার পর পরই ভিন্ন ভিন্ন খাত অনুযায়ী লেজার বুকে লিপিবদ্ধ করতে হবে।
- ◀ লেজার বুকে ভাউচার নম্বর, ক্যাশ বুকের ফলিও নম্বর, লেনদেনের তারিখ ইত্যাদি তথ্য লিখতে হবে।
- ◀ লেজার বুকেও কোন রকম কাটাকাটি, ঘষামাজা ও ফ্লয়িড ব্যবহার করা যাবে না। প্রয়োজনবোধে একটানে কেটে পুনরায় লিখে স্বাক্ষর দেয়া যেতে পারে।

### ২.১৩ অগ্রিম ও ঋণ সমন্বয় (Advance & Adjustment):

- ◀ প্রকল্প বাস্তবায়নের স্বার্থে বিশেষ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং কর্মচারীদের অগ্রিম দেয়া যেতে পারে।
- ◀ ইভেন্ট শুরুর কমপক্ষে ৫ কর্মদিবস পূর্বে চাহিদা পত্র পরিচালক কর্তৃক অনুমোদন সাপেক্ষে অগ্রিম গ্রহন করতে পারবে।
- ◀ যে কোন অগ্রিমকৃত অর্থ হিসাব বিভাগ হতে গ্রহন করে গ্রহনের তারিখ হতে ১৫ কর্ম দিবসের মধ্যে সমন্বয় করতে হবে।
- ◀ যদি অগ্রিমের চেয়ে খরচ কম হয় তবে খরচের বিল জমা দেয়ার সময় উদ্বৃত্ত টাকা ফেরৎ দিতে হবে আবার যদি অগ্রিমের চেয়ে খরচ বেশি হয় তবে বিল অনুমোদনের পর অতিরিক্ত খরচের অর্থ পরিশোধ করতে হবে।
- ◀ নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রিম সমন্বয় করতে ব্যর্থ হলে উপযুক্ত ব্যাখ্যা/কারণ দর্শাতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ ১ দিনের বেতন কর্তন করার ক্ষমতা রাখে।
- ◀ পূর্বের অগ্রিম পরিশোধিত না হওয়া পর্যন্ত কোন কর্মী পুনরায় অগ্রিমের আবেদন করতে পারবে না।
- ◀ কোন কর্মী বেতনের বিপরীতে (Against salary) কোন অবস্থাতেই ঋণ (Loan) পাবে না। তবে বিশেষ জরুরী অবস্থার আলোকে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে এক মাসের বেতনের সমপরিমাণ অর্থ অগ্রিম বেতন হিসাবে দেয়া যাবে এবং তা পরবর্তী ৩ মাসের মধ্যে বেতন থেকে কর্তন করে সমন্বয় করতে হবে। প্রকল্প কর্মীদের ক্ষেত্রে পরবর্তী ১ মাসের বেতন হতে সমন্বয় করতে হবে।
- ◀ সকল প্রকার অগ্রিম পরিশোধের জন্য সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।


নিম্নলিখিত গ্রেড অনুযায়ী সংস্থায় নিয়োজিত কর্মীগণ অগ্রিম গ্রহন করতে পারবে।

পরিচালক	৩০০,০০০/ প্রয়োজন অনুসারে বৃদ্ধি হতে পারে।
উপ-পরিচালক	১৫০,০০০/ প্রয়োজন অনুসারে বৃদ্ধি হতে পারে।
ম্যানেজার এডমিন	১৫০,০০০
প্রকল্প কর্মকর্তা	১২৫,০০০
প্রকল্প অফিসার	১,০০,০০০
উপজেলা অফিসার/সুপারভাইজার	৭৫,০০০
মাঠ পর্যায়ের কর্মী	৫০,০০০

প্রকল্প কাজের পরিস্থিতি বিবেচনা পূর্বক পরিচালকের অনুমোদন সাপেক্ষে অগ্রিমের পরিমাণ বাড়ানো যেতে পারে।

  
**Safia Khatun**  
Director-SHARP

14  
  
**Helal Ahmed**  
Vice President-SHARP

  
**Md. Showkat Ali**  
President-SHARP



## ২.১৪ বেতন ও ভাতা (Salary & Allowances) :

২.১৪.১ বেতন কাঠামোঃ নিম্নে বর্ণিত পদের বিপরীতে উল্লিখিত গ্রেড ও বেতন কাঠামো অনুযায়ী কর্মীদের শ্রেণী বিন্যাস হয়ে থাকবে। সংস্থার সাংগঠনিক কাঠামো অনুযায়ী কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের গ্রেডিং এর ভিত্তিতে বেতন কাঠামো নিম্নরূপ-

গ্রেড	পদবী	বেসিক	এইচআর ৬০%	মেডিকেল ২৫%	যাতায়াত ১৫%	মোট	প্রাসঙ্গিক পদবী	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
এ	পরিচালক	৬২৯৪৩	৩৭৭৬৬	১৫৭৩৬	৯৪৪১	১২৫৮৮৫	পরিচালক	মাস্টার্স	১০ বছর
বি	উপপরিচালক	৫০৩৫৪	৩০২১২	১২৫৮৯	৭৫৫৩	১০০৭০৮	উপপরিচালক	মাস্টার্স	১০ বছর
সি	কো-অর্ডিনেটর	৪০২৮৩	২৪১৭০	১০০৭১	৬০৪২	৮০৫৬৬	প্রজেক্ট কো-অর্ডিনেটর, কো-অর্ডিনেটর, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, ফিন্যান্স কো-অর্ডিনেটর, কো-অর্ডিনেটর মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন কো-অর্ডিনেটর, এইচ আর।	মাস্টার্স	৮ বছর
ডি	ম্যানেজার	৩২২২৭	১৯৩৩৬	৮০৫৭	৪৮৩৪	৬৪৪৫৩	প্রজেক্ট ম্যানেজার, ম্যানেজার, প্রোগ্রাম ম্যানেজার, ফিন্যান্স ম্যানেজার, ম্যানেজার মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন, ম্যানেজার, এইচ আর, ম্যানেজার, আইসিটি।	মাস্টার্স	৫ বছর
ই	সিনিয়র অফিসার	২৫৭৮১	১৫৪৬৯	৬৪৪৫	৩৮৬৭	৫১৫৬৩	সিনিয়র অফিসার, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন, সিনিয়র অফিসার, একাউন্টস এন্ড এডমিন, সিনিয়র অফিসার, এইচ আর, সিনিয়র প্রোগ্রাম অফিসার, সিনিয়র ফিল্ড অফিসার, সিনিয়র, আইটি অফিসার।	মাস্টার্স অথবা বিএসসি/অনার্স/বিএস এস/ডিগ্রী/ডিপ্লোমা ৪ বছর মেয়াদী/কামিল	৩ বছর
এফ	অফিসার	২০৬২৫	১২৩৭৫	৫১৫৬	৩০৯৪	৪১২৫০	অফিসার, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন, একাউন্টস এন্ড এডমিন, সিনিয়র অফিসার, এইচ আর, সিনিয়র প্রোগ্রাম অফিসার, সিনিয়র প্রোগ্রাম অফিসার, সিনিয়র, আইটি অফিসার।	বিএসসি/অনার্স/বিএস এস/ডিগ্রী/ডিপ্লোমা ৪ বছর মেয়াদী/কামিল	৩ বছর
ই	জুনিয়র অফিসার	১৬৫০০	৯৯০০	৪১২৫	২৪৭৫	৩৩০০০	জুনি: অফিসার, ফ্রন্ট ডেস্ক অফিসার, ফিল্ড ফ্যাসিলিটিটর।	বিএসসি/অনার্স/বিএস এস/ডিগ্রী/ডিপ্লোমা ৪ বছর মেয়াদী/কামিল	১ বছর
এফ	সাপোর্ট স্টাফ	১০৫০০	৬৩০০	২৬২৫	১৫৭৫	২১০০০	কুক, আয়া, সাপোর্ট স্টাফ, অফিস সহকারী, কমিউনিটি মবিলাইজার।	এইচএসসি/এসএসসি/দাখিল/আলীম	প্রযোজ্য নয়

- বেতন প্রদানের জন্য সেলারি রেজিস্টার/বেতন সীট ব্যবহার করতে হবে।
- প্রতি মাসের শেষ ৩ কর্ম দিবসের মধ্যে বেতন প্রদান করা হবে। প্রকল্পের ক্ষেত্রে দাতা সংস্থা কর্তৃক ফান্ড পর্যাণ্ডতার উপরে নির্ভর করে বেতন প্রদান করা হবে।
- কোন মাসেই বেতন অগ্রিম প্রদান করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরিচালকের অনুমোদন সাপেক্ষে এক মাসের বেতন অগ্রিম দেয়া যেতে পারে যা অবশ্যই পরবর্তী ৩ মাসের মধ্যে বেতন হতে কর্তন করে সমন্বয় করতে হবে। প্রকল্প কর্মীদের ক্ষেত্রে পরবর্তী ১ মাসের বেতন হতে সমন্বয় করতে হবে।
- ব্যাংক হিসাবের মাধ্যমে কর্মকর্তা ও কর্মীর বেতন প্রদান করা হবে।
- আয়কর প্রযোজ্য বেতনপ্রাপ্ত কর্মীদের উৎসে আয়কর কর্তন করা হবে।

## ২.১৪.২ যাতায়াত ও ভাতা (Conveyance & Allowances) :

- যাতায়াত বিল সংশ্লিষ্ট কর্মীর তত্ত্বাবধায়ক কর্তৃক সুপারিশকৃত হয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদিত হতে হবে।
- যাতায়াত বিল শার্প -এর অনুমোদনকৃত ফরম্যাট অনুযায়ী তৈরী করতে হবে।

## ২.১৪.৩ ভ্রমণ, দৈনিক ভাতা ও আবাসিক :

১. ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা ও আবাসিক বিল নিম্নোলিখিত ছক মোতাবেক প্রাপ্ত হবেন।
২. দৈনিক ভাতা, আবাসিক ও স্থানীয় যাতায়াত এর ক্ষেত্রে কোন সাপোর্টিং ভাউচার জমা দিতে হবেনা। তবে (বাস, ট্রেন, নৌকা, সিটমার) এর ক্ষেত্রে টিকেট আবশ্যিক।
৩. যদি শার্প কোন প্রোগ্রামে খাবার সরবরাহ করে তবে সেক্ষেত্রে খাবার বাবদ দৈনিক ভাতা প্রযোজ্য হবেনা।

ভ্রমণ, দৈনিক ভাতা ও আবাসিক সংক্রান্ত ছক

স্থান	ভ্রমণ	দৈনিক ভাতা	আবাসিক
উপজেলার ক্ষেত্রে	প্রকৃত বিল	টাকা- ৫০০/=	টাকা- ১০০০/-
		(সকালের নাস্তা-১০০/-, দুপুরের খাবার- ২০০/-, রাতের খাবার-২০০/-)	
জেলার ক্ষেত্রে	প্রকৃত বিল	টাকা- ৬০০/=	টাকা- ১৫০০/-
		(সকালের নাস্তা-১০০/-, দুপুরের খাবার- ২৫০/-, রাতের খাবার-২৫০/-)	
বিভাগের ক্ষেত্রে (কক্সবাজার, সিলেট, চট্টগ্রাম, ঢাকা শহর)	প্রকৃত বিল	টাকা- ৮০০/=	টাকা- ৩৫০০/-
		(সকালের নাস্তা-২০০/-, দুপুরের খাবার- ৩০০/-, রাতের খাবার-৩০০/-)	

## ২.১৫ যাতায়াত রেজিস্টার (Movement Register) :

- ◀ Movement Register ব্যবহার করতে হবে।
- ◀ Movement Register-এর রেকর্ড অনুযায়ী যাতায়াত বিল তৈরী করতে হবে।
- ◀ Movement Register-এর রেকর্ডের বাইরে যাতায়াত বিল পরিশোধযোগ্য নয়।

## ২.১৬ বাজেট (Budget) :

প্রকল্প প্রধানদের নিয়ে বাজেট কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির সভাপতি থাকবেন সংস্থার পরিচালক। এই কমিটি প্রধান দায়িত্ব হলো বাজেটটি সুস্বভাবে পরীক্ষা-নিরীক্ষা করে অর্থের সম্ভাব্য উৎসগুলি উল্লেখ করে চূড়ান্ত অনুমোদনের জন্য সংস্থার সভাপতির নিকট জমা প্রদান করবেন।

## ২.১৭ খরচের পরিকল্পনা (Expenditure Plan) :

আর্থিক ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে খরচ নিয়ন্ত্রণের জন্য খরচের পরিকল্পনা তৈরী করার সময় নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করতে হবে যাহা নিম্নরূপ-

- ◀ খরচের পরিকল্পনা Budget এবং Action Plan এর উপর ভিত্তি করে তৈরী করতে হবে।
- ◀ এই পরিকল্পনার মাধ্যমে জানা যায় কোন্ মাসে কত টাকার প্রয়োজন হবে।
- ◀ এই খরচের পরিকল্পনা মাসিক, ত্রৈমাসিক, সান্নাঙ্গিক ও বাৎসরিক ভিত্তিতে তৈরী করতে হবে।
- ◀ Expenditure Plan বাজেট কমিটি অনুমোদন করবেন।
- ◀ খরচের পরিকল্পনা উপর ভিত্তি করে দাতা সংস্থার নিকট Fund Requisition জমা দিতে হবে।
- ◀ Project Manager Expenditure Plan অনুযায়ী Fund Requisition হিসাব বিভাগে জমা দিবেন এবং হিসাব রক্ষক অনুমোদন সাপেক্ষে Fund Disbursement এর ব্যবস্থা করবেন।
- ◀ Expenditure Plan Accountant/Project Manager প্রতি মাস অন্তর Review করবেন এবং প্রতি quarter শেষেও Review করবেন।
- ◀ এছাড়াও Fund এর Proper Utilization Ensure করার উদ্দেশ্যে নয় (৯) মাস পর Review করে প্রয়োজনে পরবর্তী তিন (৩) মাসের জন্য Revised implementation or action plan তৈরী করবেন।

## ২.১৮ ক্রয় পদ্ধতি (Procurement Procedure)

- ◀ কোন কিছু ক্রয়ের পূর্বে ক্রয় ফরমায়েশ পত্র তৈরী করতে হবে যা অবশ্যই উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ◀ সংস্থায় ৩ সদস্যের একটি ক্রয় কমিটি থাকবে। উক্ত কমিটি শার্প উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। উল্লেখ্য, কমিটিতে অনুমোদনকারী ও হিসাব বিভাগে নিয়োজিত ব্যক্তি থাকতে পারবে না।
- ◀ ক্রয় কমিটি প্রয়োজন মনে করলে দাতা সংস্থার ১ জন প্রতিনিধি অংশ নিতে পারবে।
- ◀ সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করতে হবে।
- ◀ সকল বিল/ভাউচারে সরকারী বিধি মোতাবেক রেভিনিউ স্ট্যাম্প নিশ্চিত করতে হবে।
- ◀ ক্রয়কার্য নিম্নরূপে সম্পাদিত হবে-

টাকার পরিমাণ (Amount)	উৎস (Source)	দরপত্র (Quotation)	ক্রয়ের পদ্ধতি (Method of Procurement)
১০,০০০ টাকা পর্যন্ত	উন্মুক্ত বাজার/ সরবরাহকারী প্রতিষ্ঠান	প্রযোজ্য নয়	সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মী সরাসরি ক্রয় করতে পারবেন।
১০,০০১ থেকে ৫০,০০০ টাকা পর্যন্ত	উন্মুক্ত বাজার/ সরবরাহকারী প্রতিষ্ঠান	একক কোটেশন	সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মী উন্মুক্ত বাজার/ তালিকা ভুক্ত সরবরাহকারীর নিকট থেকে কোটেশন সংগ্রহ করতে পারবে।
৫০,০০১ টাকা থেকে ১০,০০,০০০ টাকা পর্যন্ত	উন্মুক্ত বাজার/ সরবরাহকারী প্রতিষ্ঠান	৩টি কোটেশনের মাধ্যমে	ক্রয় কমিটি কর্তৃক উন্মুক্ত বাজার/ তালিকা ভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে।
১০,০০,০০০ টাকার উর্দ্ধে	প্রতিষ্ঠিত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠান হতে	উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে	<ul style="list-style-type: none"> <li>• স্থানীয় ও জাতীয় পত্রিকা প্রকাশের মাধ্যমে</li> <li>• ক্রয় নীতিমালা অনুযায়ী</li> </ul>

- ◀ দরপত্রের উপর ভিত্তি করে একটি তুলনামূলক বিবরণী তৈরী করতে হবে। উক্ত তুলনামূলক বিবরণীতে ক্রয় কমিটির অনুমোদন থাকতে হবে এবং নির্বাচিত সরবরাহকারীর কাছ থেকে ক্রয়ের যুক্তিসঙ্গত কারণ উল্লেখ থাকতে হবে। ক্রয় কমিটির সুপারিশ ও উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ক্রয় কমিটির সভাপতি ক্রয় আদেশ প্রদান করবেন। প্রকল্পের ক্ষেত্রে সংস্থার ক্রয় কমিটি প্রয়োজনে উপ ক্রয় কমিটি গঠন করে ক্রয় কার্য সম্পাদন করবে।
- ◀ ক্রয় কার্যক্রম অবশ্যই অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট হতে হবে এবং অনুমোদিত প্রকল্প বাজেটের মধ্যে হতে হবে।
- ◀ ক্রয় কমিটি (Purchase Committee) মিটিংয়ের সিদ্ধান্ত সমূহ লিখে রাখার জন্য একটি Meeting Resulation Register ব্যবহার করবে।

যে কোন জিনিস/পন্য সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে স্পট কোটেশন করা যাবে। তবে ২৪ ঘন্টার মধ্যে নগদে/চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।

এখানে উল্লেখ্য যে, প্রকল্প সংক্রান্ত বিভিন্ন ক্রয়ের ক্ষেত্রে দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত আর্থিক ব্যবস্থাপনা নীতিমালা অনুসরণ করা যাবে।

### ২.১৯ ষ্টোর ম্যানেজমেন্ট (Store Management):

- ◀ সংস্থার প্রয়োজনীয় জিনিসপত্র বা উপকরন গ্রহণ ও বিতরণের জন্য একটি স্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। এবং নির্ধারিত ফরমেট অনুযায়ী মালামাল বিতরণ করতে হবে।
- ◀ ধরন অনুযায়ী পণ্যের জন্য রেজিস্টারে আলাদা পৃষ্ঠা ব্যবহার করতে হবে। প্রতি মাস শেষে এবং Project Period শেষে Stock valuation statement তৈরী করতে হবে।
- ◀ স্টক রেজিস্টার সাধারণত ষ্টোরকিপার (Stor Keeper) এর দায়িত্বে থাকবে এবং ষ্টোরকিপারের অনুপস্থিতিতে হিসাব রক্ষকের তত্ত্বাবধানে থাকবে।
- ◀ ক্রয়কৃত প্রতিটি জিনিস Stock Register-এ Record করতে হবে এবং Stock Register-এর কত পৃষ্ঠায় Record করা হয়েছে তাহা Seal ব্যবহারের মাধ্যমে বিলে উল্লেখ করতে হবে।
- ◀ Accountant Material Requisition এবং Deelivery Challan মিলিয়ে দেখবেন।
- ◀ একই ব্যক্তি Purchase এবং Store এর দায়িত্বে থাকতে পারবে না।
- ◀ ষ্টোর কিপার চেক করবেন যে সরবরাহকৃত মালামাল ভাল অবস্থায় গ্রহণ করা হয়েছে। কোন মালামাল ভাঙ্গা, কম, বেশি বা খারাপ হলে তাহা চালান বা বিলের মধ্যে উল্লেখ করে ষ্টোর কিপার স্বাক্ষর করে প্রকল্প ম্যানেজার/ একাউন্টস অফিসারের নিকট জমা দিবেন। একাউন্টস অফিসার/প্রকল্প ম্যানেজার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। ষ্টোর কিপার চালানের একটি কপি ফাইলে সংরক্ষন করবেন।
- ◀ যে সকল মালামাল মেয়াদ উত্তীর্ণ তারিখ থাকে সেই সকল জিনিসের একটি তালিকা তৈরী করে আলমিরা বা তাকের সাথে ঝুলিয়ে রাখতে হবে।
- ◀ সাধারণত মালামাল বিতরণে ক্ষেত্রে আগের তারিখের মাল আগে বিতরণ করতে হবে তবে মেয়াদ সংক্রান্ত মালামালের ক্ষেত্রে মেয়াদের দিক বিবেচনা করে মালামাল বিতরণ করতে হবে।
- ◀ ফিজিক্যাল ইনভেন্টরি করার মাধ্যমে কর্তৃপক্ষকে পরীক্ষা করে নিশ্চিত হতে হবে যে বাস্তবে যে পরিমাণ জিনিসপত্র আছে তাহা খাতা পত্রের সাথে মিল আছে কিনা। বাস্তবে মজুদের সাথে

  
Safia Khatun  
Director-SHARP

18  
  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP

রেজিষ্টারের মজুদের সাথে গড়মিল থাকলে তাহা কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সমন্বয় সাধন করতে হবে।

- ◀ ব্যবহার অযোগ্য মালামাল মোট মজুদ থেকে বাদ দিয়ে দেখাতে হবে। যখন ব্যবহারযোগ্য মালামাল মোট মজুদ থেকে বাদ দিয়ে দেখানো হবে তখন Stock Register- এর Remark / মন্তব্য ঘরে লিখে রাখতে হবে কেন বাদ দেওয়া হল। কর্তৃপক্ষের লিখিত অনুমোদন সাপেক্ষে Stock Register থেকে বাদ দিয়ে দেখাতে হবে।
- ◀ মাস শেষে ষ্টোর রিপোর্ট তৈরী করে যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

### ২.১৯.১ ষ্টোর সাজানোর কৌশল (Technique of Store Layout) :

- ◀ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির জন্যে সহজে আনা নেওয়া করা যায় এমন স্থান নির্ধারণ করতে হবে।
- ◀ কেমিক্যাল জাতীয় দ্রব্যাদির জন্য আলাদাভাবে স্থান নির্ধারণ করতে হবে।
- ◀ মূল্যবান জিনিসপত্র রাখার জন্য আলমারী বা সেলফ ব্যবহার করতে হবে।
- ◀ ব্যবহার অযোগ্য জিনিস রাখার জন্য আলাদা স্থান নির্ধারণ করতে হবে।
- ◀ ঔষধ আলাদাভাবে নির্দিষ্ট তাপমাত্রায় রাখতে হবে।

### ২.২০ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (Internal Control) :

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা আর্থিক ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ কার্যকরী পদক্ষেপ। আর্থিক ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে সংস্থার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিম্নলিখিতভাবে হবে -

- ◀ ব্যয় অনুমোদন ও হিসাবরক্ষণ ভিন্ন ভিন্ন ব্যক্তি করবেন। পরিচালকের বিল ভাউচার অনুমোদন করবেন সংস্থার নির্বাহী পরিষদ।
- ◀ ১/- টাকা থেকে ১০,০০০ টাকা পর্যন্ত যাচাইকারী হবেন হিসাব কর্মকর্তা এবং অনুমোদনকারী সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়কারী/প্রকল্প ব্যবস্থাপক।
- ◀ ১০,০০০ টাকার উর্দে যাচাইকারী হবেন সংশ্লিষ্ট হিসাব কর্মকর্তা, সুপারিশকারী হবেন প্রকল্প সমন্বয়কারী/প্রকল্প ব্যবস্থাপক এবং অনুমোদনকারী হবেন সংস্থার পরিচালক/উপপরিচালক।
- ◀ হিসাব ব্যবস্থাপনাকে ফলপ্রসূভাবে পরিচালনা করার জন্য আর্থিক লেনদেনের প্রমাণ সাপেক্ষে সকল ধরনের দলিল সংগ্রহ করতে হবে এবং অনুমোদন সহকারে সেই লেনদেনগুলির ভাউচার নাম্বার ও তারিখ থাকতে হবে। যাহাতে যাচাই করতে (Cross Checking) সহজ হয়।
- ◀ পরিচালক/কার্যকরী পরিষদের সদস্য যদি প্রয়োজন মনে করেন তাহলে মাঝে মাঝে হিসাবের বইসমূহ পরীক্ষা করবেন।

### ২.২১ হিসাব নিরীক্ষা (Accounts Audit) :

কোন চলমান প্রকল্পের হিসাব নিরীক্ষা নিম্নলিখিতভাবে হবে-

#### ২.২১.১ অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit)


#### ২.২১.২ বাহ্যিক নিরীক্ষা (External Audit)

#### ২.২১.১ অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit)

- ◀ চলমান প্রকল্পের অর্থ বছরের যে কোন সময় অভ্যন্তরীণ নিরীক্ষা সংগঠিত হতে পারে।
- ◀ সাধারণত সংস্থার অনুমোদিত ব্যক্তি বা ব্যক্তিবর্গ অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা করবেন।

  
Safia Khatun  
Director-SHARP

  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP

### ২.২১.২ বাহ্যিক নিরীক্ষা (External Audit)

- ◀ অনুদানপ্রাপ্ত প্রকল্পের অর্থ বছর শেষে ব্যুরো কর্তৃক রেজিস্টার্ড হিসাব নিরীক্ষক প্রতিষ্ঠান কর্তৃক বাহ্যিক হিসাব নিরীক্ষা করে থাকবেন।
- ◀ এই নিরীক্ষক সংস্থার ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে অনুমোদন সাপেক্ষে নিয়োগপ্রাপ্ত হতে হবে অথবা দাতা সংস্থার নির্বাচিত নিরীক্ষক হতে হবে।
- ◀ নিরীক্ষার পূর্বে হিসাব সংক্রান্ত সমস্ত খাতাপত্র ও দলিলসমূহ আপডেট রাখতে হবে।

### ২.২২ ব্যাংক সমন্বয় বিবরণী (Bank Reconciliation Statement) :

- ◀ নমুনা অনুযায়ী পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরী করতে হবে।
- ◀ উক্ত বিবরণীতে ব্যাংকের নাম, ঠিকানা, ব্যাংক হিসাব নাম্বার, মাসের প্রথম দিনের ব্যাংক ব্যালেন্স, মাসের শেষ দিনের ব্যাংক ব্যালেন্স, যে সকল চেক ইস্যু করা হয়েছে কিন্তু উপস্থাপন করা হয়নি অথবা কোন চেক পাওয়া গেছে কিন্তু ব্যাংকে জমা দেয়া হয়নি, ব্যাংক চার্জ, কমিশন, ব্যাংক সুদ ইত্যাদি বিষয় সম্পর্কিত তথ্যগুলি এই বিবরণীতে উল্লেখ থাকে।
- ◀ এই বিবরণীটি হিসাব রক্ষক এবং অনুমোদনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- ◀ প্রতিটি ব্যাংক হিসাবের জন্য আলাদা আলাদা মিলকরণ বিবরণী প্রস্তুত করতে হবে।
- ◀ ব্যাংক ব্যালেন্স এর সমর্থনে ব্যাংক স্টেটমেন্ট এর ফটোকপি সংযুক্ত থাকতে হবে।

### ২.২৩ আর্থিক প্রতিবেদন (Financial Statements) :

মাস শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে আর্থিক প্রতিবেদন তৈরী করা হবে। মাসিক আর্থিক প্রতিবেদন নিম্নোক্ত বিষয়ের সমন্বয়ে হবে। প্রাপ্তি ও প্রদান হিসাব এর সমর্থনে ব্যাংক হিসাব মিলকরণ বিবরণী প্রস্তুত করতে হবে। শার্প কর্তৃপক্ষ হিসাব ব্যবস্থাপনাকে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নলিখিত আর্থিক বিবরণী তৈরী করবে-

- ◀ বাজেট ভেরিয়েন্স প্রতিবেদন (Budget Variance Statement)
- ◀ প্রাপ্তি ও প্রদান হিসাব (Receipts and Payment Account)
- ◀ আয়-ব্যয়ের হিসাব (Income & Expenditure Account)।
- ◀ ব্যাংক হিসাব মিলকরণ বিবরণী (Bank Reconciliation Statement)
- ◀ ব্যালেন্স সিট (Balance Sheet)
- ◀ ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement)।
- ◀ ব্যাংক ব্যালেন্স প্রত্যয়নপত্র (Bank Balance Confirmation Certificate)।
- ◀ এছাড়াও প্রত্যেক মাসের শেষে দাতা সংস্থার চাহিদা অনুযায়ী নির্ধারিত ছকে বিভিন্ন ধরনের আর্থিক প্রতিবেদন।

### ২.২৪ বিনা অনুমতিতে অনুপস্থিত (Unauthorized Absence) :

- ◀ অনুমতি ছাড়া কাজে অনুপস্থিত বিনা বেতনে ছুটি হিসাবে গণ্য হবে।
- ◀ কর্তৃপক্ষের লিখিত নির্দেশ মোতাবেক বেতন কর্তন করা হবে। মূল বেতনের উপর ভিত্তি করে বেতন কর্তন হিসাব করতে হবে।

## ২.২৫ বাৎসরিক বেতনবৃদ্ধি (Annual Increment) :

- ◀ সংশ্লিষ্ট গ্রেডের বিপরীতে বর্ণিত মূল বেতনের সর্বোচ্চ ৫%-২০% হারে বাৎসরিক বেতন বৃদ্ধি করা হবে।
- ◀ চাকুরী নিয়োগপত্র প্রাপ্তির পর নিয়োগের তারিখ থেকে চাকুরীর মেয়াদ ১(এক) বৎসর পূর্তি অন্তর কর্মীর কর্ম মূল্যায়ন করা হবে।
- ◀ দুইবার সাময়িক বরখাস্তকৃত কর্মী ১টি বাৎসরিক বেতন বৃদ্ধি ক্রম (Salary Increment) থেকে বঞ্চিত হবে।
- ◀ বেতন বৃদ্ধির সময় শার্প এর চাকুরী বিধিমালা (Service Rules) অনুসরণ করতে হবে।

## ২.২৬ বিশেষ বেতনবৃদ্ধি (Special Salary Increment) :

কর্মীর যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্ম সন্তুষ্টির ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে ১ (এক) বা একাধিক ইনক্রিমেন্ট প্রদানের মাধ্যমে বেতন বৃদ্ধির ব্যবস্থা করতে পারবে যাহা বিশেষ বেতন বৃদ্ধির আওতায় পড়বে।

## ২.২৭ উৎসব ভাতা (Festival Allowance) :

সংস্থার প্রত্যেক কর্মী /কর্মকর্তাগণ মোট বেতনের সমপরিমান টাকা উৎসব ভাতা হিসেবে পাবেন। যে সকল উৎসবে ভাতা দেওয়া হবে সকলের ক্ষেত্রে মুসলমানদের ঈদ-উল-ফিতর উৎসবে অধেক এবং বাকী অর্ধেক মুসলমানদের জন্য ঈদ-উল আযহা, হিন্দুদের দুর্গাপূজা, খৃষ্টানদের বড়দিন ও বৌদ্ধদের বৌদ্ধ পূর্নীমার উৎসবে প্রদান করা হবে। দাতা সংস্থার কোন প্রকল্পে বৈশাখী উৎসব ভাতার বরাদ্দ/বাজেট থাকলে তাই সংশ্লিষ্ট প্রকল্পে প্রদান করা হবে। উৎসব ভাতা ১৫ কর্মদিবস পূর্বে প্রদান করা হবে।

## ২.২৮ গ্রাচুইটি (Gratuity) :

- ◀ এক বৎসর চাকুরী জীবন সমাপ্ত হওয়ার পর প্রত্যেক কর্মী গ্রাচুইটি পাওয়ার অধিকার থাকবে।
  - ◀ প্রত্যেক কর্মীর প্রতি ১ (এক) বৎসর কর্মদিবস পূর্ণ হওয়ার পর চলতি বৎসরের এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ (Equivalent to one month basic salary) গ্রাচুইটি ফান্ড হিসাবে (Gratuity Fund Account) জমা হবে।
  - ◀ এই গ্রাচুইটির অর্থ আলাদা ব্যাংক হিসাবে (Separate Bank Account) জমা রাখা হবে। যাহা উক্ত কর্মী অব্যাহতি প্রদানের সময় পাবেন।
- সংস্থার অর্থনৈতিক স্বচ্ছলতার উপর নির্ভর করে গ্রাচুইটি চালু করা যাবে।

## ২.২৯ ভবিষ্যৎ তহবিলঃ প্রক্রিয়াধীন

সংস্থায় কর্মরত সকল নিয়মিত ও প্রকল্পকর্মীর একটি ভবিষ্যৎ তহবিল থাকবে। এ তহবিলে সংশ্লিষ্ট কর্মীগণ অত্র সংস্থা কিংবা দাতা সংস্থা থেকে প্রাপ্ত অনুমোদিত বাজেট অনুযায়ী মূল বেতনের (৫-১০%) হারে দিবেন এবং সংস্থা ঐ ব্যক্তির নামে সমপরিমান টাকা জমা রাখবে। এ তহবিলে সংশ্লিষ্ট কর্মীদের জমাকৃত সকল অর্থই সংস্থার “ভবিষ্যৎ তহবিল” নামে একটি সঞ্চয়ী ব্যাংক হিসাবে জমা থাকবে। গচ্ছিত টাকার বিপরীতে ব্যাংক থেকে প্রাপ্ত সকল সুদ সংশ্লিষ্ট কর্মীর নামে সঞ্চিত টাকার সুদ হিসাবে বর্ধিতাকারে নিজ ও সংস্থার দেয়

  
Safia Khatun  
Director-SHARP

  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP

অর্থের সাথে একত্রে মোট প্রাপ্য বলে বিবেচিত হবে। সদস্যগণ তহবিলের হিসাব বৎসরান্তে জানার অধিকারী। ভবিষ্যৎ তহবিলের জমাকৃত টাকা সংশ্লিষ্ট কর্মী নিম্নরূপ ভাবে ফেরত পাবেনঃ

- সংস্থায় যোগদানের তারিখ হতে এক বৎসরের মধ্যে স্বেচ্ছায় অব্যাহতি নিলে শুধুমাত্র নিজ জমাকৃত অর্থ পাবেন।
- সংস্থায় যোগদানের পর হতে এক বৎসরের বেশী কিন্তু তিন বৎসরের কম সময়ের মধ্যে স্বেচ্ছায় অব্যাহতি নিলে নিজ জমাকৃত সমপরিমাণ অর্থ ও সংস্থায় জমাকৃত অর্থের ৫০% ফেরত পাবেন।
- সংস্থায় যোগদানের পর হতে তিন বৎসরের বেশী কিন্তু ৫ বৎসরের কম সময়ের মধ্যে স্বেচ্ছায় অব্যাহতি নিলে জমাকৃত সমপরিমাণ অর্থ ও সংস্থায় জমাকৃত অর্থের ৭০% ফেরত পাবেন।
- পাঁচ বছরের অধিকাল সন্তোষজনক ভাবে চাকুরীরত থাকলে নিজ জমা এবং সংস্থার দেয় পুরো অংক ফেরত পাবেন।
- শারীরিক অসুস্থতা বা কর্মক্ষমতা হারানোর দরুন অব্যাহতি গ্রহণ/প্রদান করলে তার জমাকৃত এবং সংস্থার দেয় সকল অর্থই সমপরিমাণ ফেরত পাবেন।
- সংস্থায় কর্মরত কোন কর্মীর মৃত্যু ঘটলে তার আইনগত উত্তরাধিকারী কর্মীর নিজ ও সংস্থার জমাসহ সমপরিমাণ অংশ ফেরত পাবার আবেদন করতে পারবেন। যথাযথ কর্তৃপক্ষ এ বিষয়ে আইনগত সিদ্ধান্ত নিবেন।
- সংস্থার চাকুরী বিধি অনুযায়ী কোন ব্যক্তি কৃতকর্মের জন্য দোষী সাব্যস্ত হয়ে বরখাস্ত হলে তিনি নিজ জমাকৃত অর্থ ছাড়া অন্য কোন অর্থ পাবেন না।
- সাময়িকভাবে বরখাস্তকৃত ব্যক্তিকে পুনরায় চাকুরীতে বহাল থাকার সুযোগ দেয়া হলে সংশ্লিষ্ট ব্যক্তি ঐ নির্দিষ্ট সময়ের জন্য ভবিষ্যৎ তহবিলের সুযোগ থেকে বঞ্চিত হবেন।

### ২.৩০ বীমা (ইনসিওরেন্স)ঃ প্রক্রিয়াধীন

সংস্থার সকল স্তরের কর্মীর প্রত্যেকের আলাদাভাবে একটি বীমা থাকবে। এই বীমার নিয়ম মোতাবেক বীমা অংকের পরিমাণ নির্ধারিত হবেঃ

- সংস্থার সকল কর্মীর বীমা অংকের প্রিমিয়াম সংস্থার বাৎসরিক অনুমোদিত বাজেটের প্রাক্কলিত অর্থ অনুযায়ী পরিশোধ করা হবে।
- কোন অর্থ বছরে দলীয় প্রিমিয়ামের কিস্তি পরিশোধের পর নতুন কর্মী সংস্থার কাজে যোগদান করলে তিনি পরবর্তী বৎসর থেকে এ গোষ্ঠী বীমার আওতাভুক্ত হবেন।
- কোন আর্থিক বছরের গোষ্ঠী বীমা প্রিমিয়াম পরিশোধ উত্তর কোন কর্মী যদি স্বেচ্ছায় সংস্থা হতে অব্যাহতি নেন কিংবা শৃংখলা ভঙ্গজনিত কারণে চাকুরী বিধি অনুযায়ী বরখাস্ত হন তবে তিনি ঐ নির্দিষ্ট তারিখ থেকে এ গোষ্ঠী বীমার সুযোগ পাবেন না।
- গোষ্ঠী বীমার আওতাভুক্ত সংস্থার কর্মীর উত্তরাধিকারী বীমাকৃত টাকা ফেরত পাবার অধিকারী হবেন।
- গোষ্ঠী বীমার আওতাধীন কর্মীগণ স্ব-স্ব উত্তরাধিকারীর নাম ঘোষণা দিয়ে অফিসে জমা রাখবেন।

২.৩১ চিকিৎসা ভাতাঃ সংস্থার আর্থিক সামর্থ্যতার উপর নির্ভর করে এই ভাতা নির্ধারণ করা হবে। যদি কোন কর্মকর্তা সংস্থার কাজে নিয়োজিত থাকা অবস্থায় কোন অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনায় আক্রান্ত হয় তার চিকিৎসার সমস্ত ব্যয় অথবা সংস্থা কর্তৃক নির্ধারিত ভাতা প্রদান করা হবে। অথবা চিকিৎসা ভাতা বেতনের সহিত এককালীন প্রদান করা হতে পারে।

  
Safia Khatun  
Director-SHARP

22  
  
Helal Ahmed  
Vice President-SHARP

  
Md. Showkat Ali  
President-SHARP

## ২.৩২ অতিরিক্ত পারিশ্রমিক / Cost Sharing

- ◀ সংস্থার জেনারেল সেকশনে নিয়োজিত কর্মী যদি দাতা সংস্থা বাস্তবায়িত প্রকল্পে অতিরিক্ত শ্রম ব্যয় করে তাহলে প্রকল্পে বরাদ্দকৃত বেতন সে ভোগ করতে পারবে। তবে জেনারেল সেকশনে ধার্যকৃত বেতন হতে প্রকল্পের বেতন কর্তন পূর্বক প্রদান করা হবে। প্রকল্প মেয়াদ শেষে জেনারেল সেকশনে পূর্বের ধার্যকৃত বেতন প্রাপ্ত হবে।
